



মাদরাসা পরিদর্শন দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৮/৬৮৮৯

তারিখঃ ০৫ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ
১৯ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ


অফিস আদেশ

কেথুড়ী বি.এফ. ফাজিল মাদরাসা, ডাকঘরঃ কেথুড়ী, উপজেলাঃ রামগঞ্জ, জেলাঃ লক্ষ্মীপুর-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১৯.০৯.২০১৮ খ্রি. তারিখের আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০১৯ খ্রি. থেকে ২৬.০৪.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

শর্তসমূহ :

১. প্রভাষক (আরবি), সহকারী শিক্ষক (কৃষি) ও ইবতেদায়ী জুনিয়র শিক্ষকের শূন্যপদ পূরণ করতে হবে।
২. মাদরাসার প্রবেশপথে তোরণ নির্মাণ ও নাম ফলক লাগানোর ব্যবস্থা করতে হবে।
৩. উপাধ্যক্ষের জন্য আলাদা সুসজ্জিত কক্ষ ও পরিপাটি শিক্ষক মিলনায়তনের ব্যবস্থা করতে হবে।
৪. পুরাতন ভবন সংস্কার ও নতুন একাডেমিক ভবন নির্মাণ করতে হবে।
৫. অর্ডিন্যান্স মোতাবেক অখন্ড জমির পরিমাণ বৃদ্ধি করতে হবে।
৬. ছাত্রীদের জন্য মানসম্মত কমনরুম ও পৃথক পর্যাপ্ত টয়লেটের ব্যবস্থা করতে হবে।
৭. অভ্যন্তরীণ অডিট কমিটি গঠন করে শতভাগ আর্থিক স্বচ্ছতা নিশ্চিত করতে হবে।
৮. অর্থ ও প্রশাসন সংক্রান্ত সকল কার্যক্রম ফাইল নোট অনুমোদনের মাধ্যমে সম্পন্ন করতে হবে।
৯. ইলমে তাজবীদ ও আরবি ভাষা শিক্ষার প্রতি শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে।
১০. অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৬ (ছয়) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে


19.06.2019

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

অধ্যক্ষ

কেথুড়ী বি.এফ. ফাজিল মাদরাসা

ডাকঘরঃ কেথুড়ী, উপজেলাঃ রামগঞ্জ, জেলাঃ লক্ষ্মীপুর।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, মাউশি, আব্দুল গণি রোড, ঢাকা-১২১১।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৪। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৫। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দফতর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, কেথুড়ী বি.এফ. ফাজিল মাদরাসা, ডাকঘরঃ কেথুড়ী, উপজেলাঃ রামগঞ্জ, জেলাঃ লক্ষ্মীপুর।
- ৮। অফিস নথি।